

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
অভ্যন্তরীণ নিরীক্ষা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০২.১৯.০২

তারিখ: ০৭ মাঘ ১৪২৬  
২১ জানুয়ারি ২০২০

**বিষয়:** বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০২.১৯.২৪৫; তারিখ: ২৮/১০/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটির” ৫ নং সভায় পিয়ারাপুর আই.জি.এম স্কুল এন্ড কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা এর আপত্তিভুক্ত শিক্ষক-কর্মচারীগণ কর্তৃক গৃহীত বেতন বিষয়ে পর্যালোচনায় দেখা যায়, পরিদর্শন প্রতিবেদনে অতিরিক্ত গৃহীত অর্থের পরিমাণ ও বিস্তারিত বিবরণ উল্লেখ নেই। এ পরিপ্রেক্ষিতে উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


সহকারী শিক্ষক (গণিত) জনাব মো. শামসুল হক, সহকারী শিক্ষক (সমাজ) জনাব মো. আমজাদ হোসেন এবং ০৪ (চার) জন চতুর্থ শ্রেণির কর্মচারী কর্তৃক অতিরিক্ত গৃহীত অর্থের পরিমাণ ও বিবরণ উল্লেখপূর্বক তথ্য প্রেরণ করবে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর।

০২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী তথ্য প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।

**পরিচালক**

পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

  
মো. রাহেদ হোসেন  
উপসচিব  
ফোন - ৯৫৪৬৫৬৩

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৪. অধ্যক্ষ, পিয়ারাপুর আই.জি.এম স্কুল এন্ড কলেজ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা
৫. অফিস কপি।